

### অঙ্গ পরিচিতির গুরুত্ব

আধুনিক ধান চাষের কলাকৌশলের সাথে ধানের বিভিন্ন অঙ্গের কার্যক্রম ওতপ্রতভাবে জড়িত। গাছের জীবনচক্রের সাথে অঙ্গসমূহের উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে। তাই সুষ্ঠু পরিচর্যা ও অধিক ফলনের জন্য বিভিন্ন অঙ্গের কার্যক্রম ও আকৃতিগত বৈশিষ্ট্য সম্পর্কে সঠিক ধারণা থাকা দরকার।

### বিভিন্ন অঙ্গ ও তার বৈশিষ্ট্য

ধানগাছকে প্রধানত দুইভাগে করা যায়, যেমন- বর্ধনশীল অঙ্গ এবং ছড়া বা ফুলের অংশ।

#### বর্ধনশীল অঙ্গ

► **শিকড়:** ধানের শিকড় গুচ্ছমূল জাতীয়। বীজ থেকে প্রাথমিক মূল বের হয়ে কয়েক দিনের মধ্যেই মরে যায়। তখন কাণ্ডের নীচের গিট থেকে অনেক স্থায়ী শিকড় বের হয়। শিকড় এর গায়ে ছোট চুলের মত লোম থাকে যার মাধ্যমে গাছ মাটি থেকে রস ও খাদ্য টেনে নেয়।

► **কাণ্ড:** অনেকগুলো গিট এবং আন্তর্গিট এর সমন্বয়ে কাণ্ড তৈরি হয়। কাণ্ডের ভিতরটি ফাঁপা। প্রথম পাতার গুড়োর কুড়িটি প্রথম কুশি হিসেবে বৃদ্ধিলাভ করে। প্রত্যেক গিটই একটি পাতা, একটি কুশি ও শিকড় তৈরির ক্ষমতা রাখে। সাধারণত মাটির নিচের গিট থেকে কুশি এবং শিকড় বের হয়। নিচের আন্তর্গিট কম পুরু এবং লম্বা হলে গাছ সহজেই বাতাসে হেলে পড়ে।

► **পাতা:** পাতার দু'টি অংশ, পত্রফলক এবং পত্রখোল। পত্রফলক লম্বা, সরু, চ্যাপ্টা ও খসখসে। পত্রখোল নলাকার সবুজ আবরণ যা কাণ্ড জড়িয়ে রাখে। পত্রখোল ও পত্রফলকের সংযোগস্থলে কাণ্ডের মত এক জোড়া অরিকল এবং এর উপরের কাগজের মত ত্রিভুজাকৃতির লিগিউল থাকে। ধান গাছে অরিকল এবং লিগিউল দুটিই থাকে। তবে ঘাসের বেলায় কোনটিই থাকে না। ডিগপাতা দানা পুষ্টির জন্য সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।



বর্ধনশীল অঙ্গসমূহ



পাতার অংশসমূহ



ধানের চারা চিনার উপায়সমূহ

#### ছড়া

ছড়া বা ফুলের অংশকে তিন ভাগে ভাগ করা যায়। এগুলো হচ্ছে, শিষ, ধান এবং দানা।

► **শিষ:** ধান গাছের অগ্রভাগে অবস্থিত যে দণ্ডে ফুল অবস্থান করে তাকে শিষ বলে। জাত ভেদে একটি শিষ ১৫-৩০ সেমি লম্বা হতে পারে। শিষ দণ্ড থেকে প্রধান শাখা বের হয়। প্রধান শাখা থেকে প্রশাখা জন্ম নেয়। যে জাতের দণ্ডে যত বেশী প্রশাখা থাকে সে জাতের শিষে তত বেশী ধানের সংখ্যা হয়।

► **ধান (স্পাইকলেট):** শিষ দণ্ডের প্রশাখায় তুষ আবৃত ফুলকে ধান বলে। একটি শিষে ৫০ থেকে ৫০০টি ধান থাকতে পারে। তুষের দুটি অংশ। বড় অংশটিকে লেমা এবং ছোটটিকে পেলিয়া বলে। লেমা এবং পেলিয়া পুস্তক এবং স্ত্রীপুস্তককে ঢেকে রাখে। ধানে ৬টি পুংকেশর আছে এবং প্রতিটি পুংকেশরের মাথায় পরাগদানীতে অসংখ্য পরাগরেণু থাকে। ধান সাধারণত স্বপরাগায়ণ জাতীয় ফসল।

► **দানা বা বীজ:** ধানের দানা খসখসে, উভয় দিক সরু ও চ্যাপ্টা। নিশিকৃত ডিম্বটিই অঙ্গের রূপান্তরিত হয়ে দানা বা বীজে পরিণত হয় এবং তা থেকে চারা উৎপন্ন হয়।



ধান ও ধানের ছড়া



বীজ

ইরি নলেজ ব্যাংক থেকে নেয়া

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brrri.gov.bd

অধিবেশন ৩: মডিউল ৩

ফ্যাক্ট শীট ১